রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৩, ২০২৫

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

### বাংলাদেশের
### কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৮২.০০.০০০০.০৪০.০১.০৬.২২-১১**—যেহেতু, জনাব এ কে এম সামিউল ইসলাম, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজিবপুর, কুড়িগ্রাম ইউএও হিসাবে বকশীগঞ্জ, জামালপুর কার্যালয়ে কর্মরত থাকাকালে ২০২১-২০২২ অর্থবছরে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের বিপরীতে বিভিন্ন অর্থনৈতিক কোডে বরাদ্দকৃত অর্থ হতে কোনো প্রকার মালামাল ক্রয় না করে ৩,১৮,০০০ (তিন লক্ষ আঠার হাজার) টাকা উত্তোলন করায় তার বিরুদ্ধে সিএজি কার্যালয়ের স্মারক নং ৮২.০০.০০০০,০৪০.০১.০০৬.২২-৪৮১, তারিখ ০১-০৮-২০২২ খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা জারি করা হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন ও জবাবে ব্যক্তিগত শুনানির আগ্রহ প্রকাশ করায় বিগত ০৬-০৩-২০২৫ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তিনি উত্তোলিত ৩,১৮,০০০ (তিন লক্ষ আঠার হাজার) টাকার বিপরীতে ১,৪০,০০০ (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা চালানের মাধ্যমে ব্যাংকে জমাকরণের প্রমাণক দাখিল করেন এবং অবশিষ্ট (৩,১৮,০০০-১,৪০,০০০) = ১,৭৮,০০০/- টাকার বিষয়ে যাবতীয় তথ্য প্রমাণক পেশ করার জন্য ০১ (এক) মাস সময় প্রার্থনা করেন;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রার্থিত সময় অতিক্রান্ত হওয়ার পরও খরচের স্বপক্ষে কোনো প্রমাণক দখিল করতে না পারায় অবশিষ্ট ১, ৭৮,০০০ (এক লক্ষ আটাত্তর হাজার) টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য সিএজি কার্যালয়ের স্মারক নং ৮২.০০.০০০০.০৪০.০১.০০৬.২২-৩৬, তারিখ ৩০-০৪-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয়। সিএজি কার্যালয়ের নির্দেশনানুযায়ী জনাব এ কে এম সামিউল ইসলাম চালানের মাধ্যমে ১,৭৮,০০০ (এক লক্ষ আটাত্তর হাজার) টাকা সরকারি কোষাগারে জমাপ্রদান করেন এবং জমা প্রদানের প্রমাণক সিজিও কার্যালয়ের স্মারক নং ০৭.০৩.০০০০.০১১.০২.০৬৯.২৩-৪৭৩, তারিখ ০৯-০৯-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে এই কার্যালয়ে প্রেরণ করা হয়;

সেহেতু, জনাব এ কে এম সামিউল ইসলাম, উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজিবপুর, কুড়িগ্রাম (প্রাক্তন ইউএও, বকশীগঞ্জ, জামালপুর) এর বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামা, অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং অন্যান্য তথ্য ও প্রমাণক পর্যালোচনান্তে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (ক) অনুযায়ী "তিরস্কার" শাস্তি প্রদান করা হলো।

**নং ৮২.০০.০০০০.০৪০.২৭.০০৫.২৪-১২**—যেহেতু, জনাব এস এম এম ছাকলাইন (জন্ম তারিখ: ০৫-১২-১৯৮১ খ্রি.) ইউএও হিসেবে কাউনিয়া, রংপুর কার্যালয়ে কর্মরত থাকাকালে (বর্তমানে ইউএও, পীরগাছা, রংপুর) তার বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন "অল্টারনেটিভ মেডিকেল কেয়ার" শীর্ষক সমাপ্ত প্রকল্পের "হারবাল এসিস্ট্যান্ট (গার্ডেনার)" জনাব মোঃ রেজাউল করিমকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১১-০১-২০২১ খ্রিঃ তারিখের ৪৫.১৪৫.০১৫.০০.০০.০৪৫.২০১১(অংশ-১)-২৫ নং স্মারক এবং অর্থ বিভাগের ২২-০৯-২০১১ খ্রিঃ তারিখের অম/অবি(বাস্ত-৪)/ বিবিধ-২০/উঃ স্কেঃ/২০০৭/অংশ/৭৪ নং স্মারকের ব্যত্যয় ঘটিয়ে ০১-০৭-২০০৩ খ্রিঃ তারিখ হতে ৩০-০৬-২০২১ খ্রিঃ পর্যন্ত বিধি বহির্ভূতভাবে ০২ (দুই) টি টাইম স্কেল প্রদান করে বকেয়া বেতন ভাতা বাবদ ৯,৬৫,৬৭১.৫০ (নয় লক্ষ পঁয়ষট্টি হাজার ছয়শত একাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা পরিশোধ করার অভিয়োগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তা অভিযোগনামার জবাব প্রদান করেন এবং সিজিএ কার্যালয় কর্তৃক মন্তব্যসহ তার জবাব সিএজি কার্যালয়ে প্রেরণ করা হয়। সিজিএ কার্যালয় কর্তৃক প্রেরিত পত্রে জনাব মোঃ রেজাউল করিম, হারবাল এসিস্ট্যান্ট এর রাজস্ব খাতের চাকরিকাল গণনা করে বেতন নির্ধারণ বিধি সম্মত হয়েছে কিন্তু ০১-০৭-২০০৩ খ্রিঃ হতে ৩০-০৬-২০২১ খ্রিঃ পর্যন্ত বকেয়া বেতন ভাতা প্রদান করা বিধি সম্মত হয়নি মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, বর্ণিত কর্মকর্তা বিধি বহির্ভূতভাবে বকেয়া বেতন ভাতা বাবদ ৯,৬৫,৬৭১.৫০ (নয় লক্ষ পঁয়ষট্টি হাজার ছয়শত একাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা পরিশোধ করার কথা স্বীকার করত; বিষয়টি সম্পূর্ণরূপে তার অনিচ্ছাকৃত ভুল মর্মে উল্লেখ করেন এবং পরবর্তীতে পরিশোধিত অর্থ আদায়ের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মচারীর (জনাব মোঃ রেজাউল করিম) আবেদনের প্রেক্ষিতে মাসিক বেতন ভাতা বিল হতে অর্থ কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদানের পদক্ষেপ গ্রহণ করেন;

যেহেতু, উল্লিখিত কর্মকর্তা তার লিখিত জবাবে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ০৭ (২) অনুযায়ী বিগত ০৩-০৯-২০২৫ খ্রিঃ তারিখে বর্ণিত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত বক্তব্য এবং আনুষঙ্গিক কাগজপত্র ও তথ্য পর্যালোচনায় বিধি বহির্ভূতভাবে বকেয়া বেতন ভাতা বাবদ পরিশোধিত ৯,৬৫,৬৭১.৫০ (নয় লক্ষ পঁয়ষট্টি হাজার ছয়শত একাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকার মধ্যে নভেম্বর/২০২২ থেকে আগস্ট/২০২৫ পর্যন্ত ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা সংশ্লিষ্ট কর্মচারী জনাব মোঃ রেজাউল করিম, হারবাল এসিস্ট্যান্ট এর মাসিক বেতন বিল হতে কর্তন করা হয়েছে এবং অবশিষ্ট ৭,২৫,৬৭১.৫০ (সাত লক্ষ পঁচিশ হাজার ছয়শত একাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা উক্ত কর্মচারীর বেতন বিল হতে কর্তনপূর্বক সমন্বয়ের প্রক্রিয়া চলমান রয়েছে;

সেহেতু, জনাব এস এম এম ছাকলাইন, ইউএও, পীরগাছা, রংপুর (প্রাক্তন ইউএও, কাউনিয়া, রংপুর) এর বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামা, তার কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য এবং অন্যান্য তথ্য ও প্রমাণক পর্যালোচনান্তে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (২) (ক) অনুযায়ী "তিরস্কার" শাস্তি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৮২.০০.০০০০.০৪০.০১.০০৭.১২-১৩**—যেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (বর্তমানে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকাতে কর্মকালে Electronic Fund Transfer (EFT) জালিয়াতির মাধ্যমে তার স্ত্রী খাদিজা খাতুন দিনাসহ অন্যান্য আত্মীয় স্বজন ও পরিচিতজনদের নামে ডাচ-বাংলা ব্যাংক, মিরপুর শাখায় রক্ষিত ০৬ (ছয়)টি ব্যাংক হিসাবে মোট ১,২৭,০০,০০০/- (এক কোটি সাতাশ লক্ষ) টাকা স্থানান্তরপূর্বক আত্মসাৎ করেন। আলোচ্য অর্থ আত্মসাতের অভিযোগে বিগত ১৭-০৭-২০১২ খ্রিঃ তারিখে রমনা মডেল থানায় মামলা নং-৫৩ দায়ের করা হয় এবং উক্ত মামলার প্রেক্ষিতে পুলিশ কর্তৃক তাকে গ্রেফতার করা হলে সিএজি কার্যালয়ের ৩০-০৭-২০১২ খ্রিঃ তারিখের অফিস আদেশ নং: সিএজি/শৃঃ ও আঃ/১৭৮১/১৫ এর মাধ্যমে জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপারকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, বর্ণিত অর্থ আত্মসাতের বিষয়টি তদন্তের জন্য হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় কর্তৃক ১৮-০৭-২০১২ খ্রিঃ তারিখের ০৭.০৩.০০০০.০০১.০৫.১৪৪.১০-২৬২ নং অফিস আদেশের মাধ্যমে প্রাথমিক তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি সংশ্লিষ্ট কর্মকর্তাকে দোষী সাব্যস্ত করে তদন্ত প্রতিবেদন পেশ করেন। সে পরিপ্রেক্ষিতে জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এবং বিধি ৩ (ডি) অনুযায়ী "দুর্নীতি" এর অভিযোগ আনয়ন করে সিএজি কার্যালয়ের ৩০-১১-২০১৬ খ্রিঃ তারিখের সিএজি/শৃঃ ও আঃ/১৭৮১/২৮৪ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা জারি করা হয় এবং ১০ (দশ) কর্মদিবসের মধ্যে অভিযোগনামার জবাব প্রদান করার জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তা অভিযোগনামার জবাব প্রদানের সময়সীমা ০১ (এক) মাস বৃদ্ধির জন্য আবেদন করেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (১) (বি) মোতাবেক অভিযুক্ত কর্মকর্তার প্রার্থিত ০১ (এক) মাস সময় বৃদ্ধির সুযোগ না থাকায় সিএজি কার্যালয়ের ১৬-০২-২০১৭ খ্রিঃ তারিখের সিএজি/শৃঃ ও আঃ/১৭৮১/৮৭ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামার জবাব প্রদানের সময় ১০ (দশ) কর্মদিবস বর্ধিত করা হয়;

যেহেতু, পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তা বিগত ০৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন। অভিযোগনামার জবাবে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করায় বিগত ৩০-১১-২০১৭ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং বিষয়টি অধিকতর তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। অধিকতর তদন্তের জন্য গঠিত তদন্ত বোর্ড এর নিকট সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, ০৬ (ছয়) টি ব্যাংক হিসাবে ১,২৭,০০,০০০/- (এক কোটি সাতাশ লক্ষ) টাকা ইএফটি জালিয়াতির মাধ্যমে সরকারি কোষাগার থেকে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট আত্মীয়ের একাউন্টে স্থানান্তরের জন্য জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত) সরাসরি দোষী;

যেহেতু, তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সিএজি কার্যালয়ের ০৯-০৪-২০২৪ খ্রিঃ তারিখের ৮২.০০.০০০০.০৪০.০১.০০৭.১২-৩৯ নং স্মারকের মাধ্যমে তার বিরুদ্ধে কারণ দর্শানো (দ্বিতীয়) নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী কেন তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না তার কারণ দর্শানোর জন্য এবং একই বিধিমালার বিধি ৭ (৯) অনুযায়ী নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে লিখিত জবাব পাওয়া না গেলে বিধি মোতাবেক এ ব্যাপারে একতরফা সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে কারণ দর্শানো নোটিশে উল্লেখ করা হয়।

যেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে সিএজি কার্যালয় কর্তৃক জারীকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ২৭-০৮-২০২৪ খ্রিঃ তারিখের ০৭.০২.০০০০.০১১.০১.০১১.১২-১৫১ নং স্মারকের মাধ্যমে হস্তান্তর করা হয়। সংশ্লিষ্ট কর্মকর্তা বিগত ০১-০৯-২০২৪ খ্রি: তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ গ্রহণের প্রাপ্তিস্বীকারপত্র প্রদান করেন। সে মোতাবেক বিগত ০৯-০৯-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের সময় নির্ধারিত ছিল। জবাব প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে তিনি জবাব প্রদান করেননি এবং নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পর বিগত ১০-০৯-২০২৪ খ্রিঃ তারিখে তিনি জবাব প্রদানের সময় বৃদ্ধির আবেদন করেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ এর জবাব প্রদানের ক্ষেত্রে সময় বৃদ্ধির সুযোগ নেই এবং সংশ্লিষ্ট কর্মকর্তা পরবর্তীতে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিলও করেননি;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩) অনুযায়ী চাকরি হতে বরখাস্তকরণ সূচক গুরুদণ্ড আরোপের বিষয়ে একই বিধিমালার বিধি ৭ (১০) এবং পাবলিক সার্ভিস কমিশন (পরামর্শকরণ) রেগুলেশন, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক পরামর্শ প্রদানের জন্য সিএজি কার্যালয়ের ৩১-০৮-২০২৫ খ্রিঃ তারিখের ৮২.০০.০০০০.০৪০.০১.০০৭.১২-৮৩ নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হলে কমিশন কর্তৃক ১৭-০৯-২০২৫ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১১৪.০৪.০২৩.২৫.৭৮১ নং স্মারকের মাধ্যমে জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত) কে "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করা হয়েছে।

যেহেতু, উল্লিখিত কর্মকর্তার বিরুদ্ধে চাকরি হতে বরখাস্তকরণ সূচক গুরুদণ্ড আরোপের পূর্বে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করাসহ বিভাগীয় মামলার সকল বিধিবিধান ও প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে;

সেহেতু, জনাব মোঃ শরিফুল ইসলাম, এসএএস সুপার (সাময়িক বরখাস্ত), চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ (৩) (ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্তকরণ গুরুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: নূরুল ইসলাম**
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

---

## পুলিশ সুপারের কার্যালয়
## রাঙ্গামাটি

### দপ্তর আদেশ

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ৬১৯৭(১৪)/১ম খণ্ড**—রাঙ্গামাটি পার্বত্য জেলায় কর্মরত নিম্নলিখিত পুলিশ পরিদর্শক (নিরস্ত্র)'গণকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে জনস্বার্থে বদলি/পদায়ন করা হ'ল।

১। জনাব হাছান আকতার আহমেদ (বিপি-৮১০৪০৮০২৭৭) পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), রেঞ্জ ডিআইজি অফিস, চট্টগ্রাম স্মারক নং-ফোর্স(ইন্সঃ)/০১-২০২৫/১০১১৫(৫), তারিখ-২৭-০৭-২০২৫ খ্রিঃ মূলে চট্টগ্রাম জেলা হতে ০৮-১০-২০২৫ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে অত্র জেলায় যোগদানকৃত—পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), দুরছড়ি পুলিশ ফাঁড়ি, বাঘাইছড়ি থানা, রাঙ্গামাটি।

২। জনাব মোস্তাফিজুর রহমান (বিপি-৭৩৯৪০৪৬০০৫) পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), রেঞ্জ ডিআইজি অফিস, চট্টগ্রাম স্মারক নং-ফোর্স(ইন্সঃ)/০১-২০২৫/১২১২৯(১১), তারিখ-১০-০৯-২০২৫ খ্রিঃ মূলে চট্টগ্রাম জেলা হতে ১৪-১০-২০২৫ খ্রিঃ তারিখ অপরাহ্নে অত্র জেলায় যোগদানকৃত—পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), পাবলাখালী পুলিশ ফাঁড়ি, বাঘাইছড়ি থানা, রাঙ্গামাটি।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. এস এম ফরহাদ হোসেন**
পুলিশ সুপার।

## গণযোগাযোগ অধিদপ্তর
## প্রশাসন-২ (পেনশন ও কল্যাণ) শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **১৫.৫৬.০০০০.০০০.০০৬.১৩.০০৪৮.২৪.৩০৮**—গণযোগাযোগ অধিদপ্তরাধীন কিশোরগঞ্জ জেলা তথ্য অফিসের সহকারী তথ্য অফিসার, জনাব সত্যেন্দ্র চন্দ্র পাল-এর এস. এস. সি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ২০-১০-১৯৬৬। সে অনুযায়ী তাঁর বয়স ১৯-১০-২০২৫ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৩ এর ১(ক) উপধারা অনুযায়ী ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ১৯-১০-২০২৫ তারিখ তাঁকে সরকারি চাকুরি থেকে অবসর প্রদান করতঃ তাঁর অনুকূলে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১০ (২)(ক) উপধারা অনুযায়ী ২০-১০-২০২৫ থেকে ১৯-১০-২০২৬ তারিখ পর্যন্ত গড়বেতনে ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

সহকারী তথ্য অফিসার, জনাব সত্যেন্দ্র চন্দ্র পাল এর অবসরউত্তর ছুটি মঞ্জুরের পর ১৮ (আঠারো) মাসের ছুটি প্রাপ্য থাকায় জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১০(২)(খ) উপধারা অনুযায়ী মূল বেতন ৩০,২৬০/- (ত্রিশ হাজার দুইশত ষাট) টাকা হারে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৩০,২৬০×১৮) = ৫,৪৪,৬৮০/- (পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত আশি) টাকা লাম্পগ্রান্ট হিসেবে মঞ্জুর করা হলো।

লাম্পগ্রান্টের অর্থ গণযোগাযোগ অধিদপ্তরের ২০২৫-২৬ অর্থবছরের ১৩৩০৩০২০০০০০০-৩১১১১১০ ছুটি নগদায়ন বেতন (অফিসার) খাত হতে নির্বাহ হবে।

**মোঃ আবদুল জলিল**
মহাপরিচালক(চলতি দায়িত্ব)।

---

## কারা অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ: ০৫ কার্তিক, ১৪৩২/২১ অক্টোবর, ২০২৫

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৫-৪৮৭**—নিম্নোক্ত ডেপুটি জেলারকে জেলার পদে চলতি দায়িত্ব প্রদান করা হলো এবং তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো।

| ক্র: | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল ও পদ | বদলি/পদায়নকৃত কর্মস্থল ও পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ফেরদৌস মিয়া<br>ডেপুটি জেলার | কিশোরগঞ্জ | মানিকগঞ্জ জেলা কারাগার, ডেপুটি জেলার | ফেনী জেলা কারাগার-২<br>জেলার (ভারপ্রাপ্ত) | |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সৈয়দ মোঃ মোতাহের হোসেন**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়
## খুলনা
## (মাঠ প্রশাসন শাখা)
### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৫ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৫৬০**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

জনাব জয়া ধর মুমু (৪১০০২৫৯), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর।

০২। বর্ণিত কর্মকর্তা গত ২৮-০৯-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি ৩০-০৯-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/০৫ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৫৬৭**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

জনাব আরাফাত হোসেন (১৮৭৭২), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর।

০২। বর্ণিত কর্মকর্তা গত ২৯-০৯-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি ০৬-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৭ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/১২ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৫.৫৮৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

০১. জনাব বি. এম. তারিক-উজ-জামান (১৭৯০৯), (উপজেলা নির্বাহী অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ)—শরণখোলা, বাগেরহাট।

০২. জনাব সুদীপ্ত কুমার সিংহ (১৮১৮১), (উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট)—হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

০২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৮ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/১৩ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৫৮৭**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

জনাব বেদবতী মিস্ত্রী (১৮৭৪৬), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

০২। বর্ণিত কর্মকর্তা গত ১২-১০-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তিনি আগামী ১৬-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/১৫ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৫৯৩**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

০১. জনাব বিপুল সিকদার (১৮৭০০), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।

০২. জনাব গুঞ্জন বিশ্বাস (১৮৭৯৫), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

০৩. জনাব এস. এম. আশিস মোমতাজ (১৮৮১১), সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা।

০২। ক্রমিক নং-১ এ বর্ণিত কর্মকর্তা গত ১৩-১০-২০২৫ খ্রি. তারিখ এবং ক্রমিক নং ২ ও ৩ এ বর্ণিত কর্মকর্তাদ্বয় গত ১৪-১০-২০২৫ তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাদেরকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। তারা আগামী ১৬-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৫.৫৯৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

১. মিজ শাহীনুর আক্তার (১৮০৮৪), (উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা)—চৌগাছা, যশোর।

২. জনাব প্রদীপ্ত রায় দীপন (১৮৩০৬), (উপজেলা নির্বাহী অফিসার, খোকসা, কুষ্টিয়া)— মহম্মদপুর, মাগুরা।

৩. জনাব মোঃ হারুন অর রশিদ (১৮৩৮৯), (উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া হিসেবে বদলির আদেশাধীন)— খোকসা, কুষ্টিয়া ।

৪. জনাব শেখ সালাউদ্দীন দিপু (১৮৪২৪), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত— অভয়নগর, যশোর।

০২। এ কার্যালয়ের গত ১১-০৯-২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৫.৫২১ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো। বর্ণিত ০৪ নং ক্রমিকের কর্মকর্তা গত ১৩-১০-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। উক্ত ০৪ নং ক্রমিকের কর্মকর্তাকে ১৬-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ণে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

০৩। বর্ণিত কর্মকর্তাগণকে এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২০ অক্টোবর ২০২৫ খ্রি.

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৫.৬০৪**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

১. জনাব এস. এম. মুস্তাফিজুর রহমান (১৮৩৫৯), (উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর, বাগেরহাট)— বটিয়াঘাটা, খুলনা।

২. জনাব সুচি রানী সাহা (১৮৪৭৭), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত—ফুলতলা, খুলনা।

৩. জনাব থান্দার কামরুজ্জামান (১৮৪৮৮), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত—বাগেরহাট সদর, বাগেরহাট।

০২। বর্ণিত ০২ ও ০৩ নং ক্রমিকের কর্মকর্তাদ্বয় অদ্য ২০-১০-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাদেরকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। উক্ত ০২ ও ০৩ নং ক্রমিকের কর্মকর্তাদ্বয়কে আগামী ২৩-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ণে এ কার্যালয় থেকে অবমুক্ত করা হলো।

০৩। বর্ণিত কর্মকর্তাগণকে এখতিয়ারাধীন এলাকায় সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর ধারা ৩(৩) মোতাবেক সার্টিফিকেট অফিসার-এর ক্ষমতা প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সুমাইয়া সুলতানা এ্যানি**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**এসএ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩২/৩০ সেপ্টেম্বর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৮০০**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মিঠুন মৈত্র (১৯০২৪)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- গোপালগঞ্জ<br>স্পাউসের জেলা-নাটোর | উপজেলা ভূমি অফিস<br>লোহাগড়া, নড়াইল | উপজেলা ভূমি অফিস<br>শরণখোলা, বাগেরহাট |

০২। বর্ণিত কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩২/০৮ অক্টোবর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৮১৪**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব ফয়সাল আহমেদ (১৮৯২২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- ঝিনাইদহ<br>স্পাউসের জেলা-ঝিনাইদহ | উপজেলা ভূমি অফিস<br>দৌলতপুর, কুষ্টিয়া | উপজেলা ভূমি অফিস<br>আশাশুনি, সাতক্ষীরা |

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০২ | জনাব প্রদীপ কুমার দাশ (১৯২১০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- সাতক্ষীরা<br>স্পাউসের জেলা-সাতক্ষীরা | উপজেলা ভূমি অফিস<br>কচুয়া, বাগেরহাট | উপজেলা ভূমি অফিস<br>দৌলতপুর, কুষ্টিয়া |

০২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। বদলিকৃত কর্মকর্তাদ্বয় আগামী ১২-১০-২০২৫ খ্রি. তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় তাৎক্ষণিক অবমুক্ত হিসেবে গণ্য হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২/০৯ অক্টোবর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২.৮২৪**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ইফতেখারুল ইসলাম শামীম (১৮৯১১)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- গোপালগঞ্জ<br>স্পাউসের জেলা-ফরিদপুর | উপজেলা ভূমি অফিস, পাইকগাছা, খুলনা | উপজেলা ভূমি অফিস, রূপসা, খুলনা |
| ০২ | জনাব অপ্রতিম কুমার চক্রবর্ত্তী (১৮৯৩২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- যশোর<br>স্পাউসের জেলা-কুড়িগ্রাম | উপজেলা ভূমি অফিস, রূপসা, খুলনা | উপজেলা ভূমি অফিস, খুলনা সদর, খুলনা |

০২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২/১২ অক্টোবর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৮৩২**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব সাদিয়া সুলতানা (১৯০৭০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- রাজশাহী<br>স্পাউসের জেলা- রাজশাহী | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় যোগদানকৃত<br>(ভূমি মন্ত্রণালয়ের ০৭-১০-২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫৬.১৯.০০৭.২৫-২১৭ নং প্রজ্ঞাপনমূলে) | উপজেলা ভূমি অফিস<br>কয়রা, খুলনা |
| ০২ | গাজী আশিক বাহার (১৯২৪৬)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- সাতক্ষীরা<br>স্পাউসের জেলা- সাতক্ষীরা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় যোগদানকৃত<br>(ভূমি মন্ত্রণালয়ের ০৮-১০-২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫৬.১৯.০০৭.২৫-২১৮ নং প্রজ্ঞাপনমূলে) | উপজেলা ভূমি অফিস<br>ভেড়ামারা, কুষ্টিয়া |

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০৩ | জনাব এম সাব্বির হাসান (১৯২৯১)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-নড়াইল<br>স্পাউসের জেলা-অবিবাহিত | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় যোগদানকৃত<br>(ভূমি মন্ত্রণালয়ের ০৮-১০-২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫৬.১৯.০০৭.২৫-২১৮ নং প্রজ্ঞাপনমূলে) | উপজেলা ভূমি অফিস<br>শালিখা, মাগুরা |
| ০৪ | মিজ নওসীনা আরিফ (১৯২৯৬)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-শরীয়তপুর<br>স্পাউসের জেলা- অবিবাহিতা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>মোংলা, বাগেরহাট |
| ০৫ | মিজ নাজনীন সুলতানা (১৯৩০২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- চুয়াডাঙ্গা<br>স্পাউসের জেলা-যশোর | ঐ | উপজেলা ভূমি অফিস<br>ঝিনাইদহ সদর, ঝিনাইদহ |
| ০৬ | জনাব ইসতিয়াক আহমেদ (১৯৩০৬)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- ঢাকা<br>স্পাউসের জেলা- অবিবাহিত | ঐ | উপজেলা ভূমি অফিস<br>মহেশপুর, ঝিনাইদহ |
| ০৭ | জনাব এম. শরীফ খান (১৯৩১২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- নেত্রকোনা<br>স্পাউসের জেলা-ময়মনসিংহ | ঐ | উপজেলা ভূমি অফিস<br>দেবহাটা, সাতক্ষীরা |
| ০৮ | জনাব আবু শাহমা (১৯৩১৪)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- গাজীপুর<br>স্পাউসের জেলা-খুলনা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>মুজিবনগর, মেহেরপুর |
| ০৯ | জনাব মো: সাদমান আকিফ (১৯৩২৪)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- ঢাকা<br>স্পাউসের জেলা- যশোর | ঐ | উপজেলা ভূমি অফিস<br>মহম্মদপুর, মাগুরা |
| ১০ | জনাব মো: সোহেল রানা (১৯৩৩৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- মাগুরা<br>স্পাউসের জেলা- মাগুরা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>চিতলমারী, বাগেরহাট |
| ১১ | জনাব মো: সেবগাতুল্যাহ (১৯৩৬২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- সাতক্ষীরা<br>স্পাউসের জেলা-নড়াইল | ঐ | উপজেলা ভূমি অফিস<br>দাকোপ, খুলনা |
| ১২ | জনাব মো: আমিনুল ইসলাম (১৯৩৭৬)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- টাঙ্গাইল<br>স্পাউসের জেলা- সাতক্ষীরা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা |
| ১৩ | জনাব মুহাম্মদ আসিফ হায়দার (১৯৩৭৭)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- ঝিনাইদহ<br>স্পাউসের জেলা-ঢাকা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>কচুয়া, বাগেরহাট |
| ১৪ | জনাব মো: ফজলে রাব্বী (১৯৩৮২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- মাগুরা<br>স্পাউসের জেলা- মাগুরা | ঐ | উপজেলা ভূমি অফিস<br>পাইকগাছা, খুলনা |

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১৫ | মিজ আসমাউল হুসনা পিংকি (১৯৪০০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- লালমনিরহাট<br>স্পাউসের জেলা- লালমনিরহাট | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় যোগদানকৃত<br>(ভূমি মন্ত্রণালয়ের ০৮-১০-২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫৬.১৯.০০৭.২৫-২১৮ নং প্রজ্ঞাপনমূলে) | উপজেলা ভূমি অফিস<br>শ্রীপুর, মাগুরা |

২। বর্ণিত কর্মকর্তাগণকে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারী পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। বর্ণিত কর্মকর্তাগণ অদ্য ১২-১০-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ণে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল মালেক**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২/ ১৫ অক্টোবর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৮৪৩**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব সাদিয়া সুলতানা (১৯০৭০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- রাজশাহী<br>স্পাউসের জেলা- রাজশাহী | উপজেলা ভূমি অফিস<br>কয়রা, খুলনায় বদলির আদেশাধীন | উপজেলা ভূমি অফিস<br>লোহাগড়া, নড়াইল |

২। বর্ণিত কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৪ কার্তিক ১৪৩২/২০ অক্টোবর ২০২৫

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৮৫৩**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্র: | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মিঠুন মৈত্র (১৯০২৪)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গোপালগঞ্জ<br>স্পাউসের জেলা-নাটোর | উপজেলা ভূমি অফিস<br>শরণখোলা, বাগেরহাটে বদলির আদেশাধীন | উপজেলা ভূমি অফিস<br>চিতলমারী , বাগেরহাট |
| ০২ | জনাব মো: সোহেল রানা (১৯৩৩৩)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা- মাগুরা<br>স্পাউসের জেলা- মাগুরা | উপজেলা ভূমি অফিস<br>চিতলমারী, বাগেরহাট | উপজেলা ভূমি অফিস<br>কোটচাঁদপুর, ঝিনাইদহ |

২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারী পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিরুল আরাফাত**
সিনিয়র সহকারী কমিশনার।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

**আপীল বিভাগ, ঢাকা।**

**(প্রশাসন শাখা)**

**অফিস আদেশ**

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ১২৫৮/২০২৫ এসসি(এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ মজিবুর রহমান এর জন্ম তারিখ ০১-১২-১৯৬৬ খ্রি.তারিখ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত ৪৩(১)(ক) ধারা অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০১-১২-২০২৫ খ্রি. তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০১-১২-২০২৫ খ্রি. তারিখ হতে ৩০-১১-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**শেখ মোহাঃ আমীনুল ইসলাম**
অতিরিক্ত রেজিস্ট্রার।

---

**খাদ্য অধিদপ্তর**

**তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ অক্টোবর ২০২৫

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.০৬৩.২২.১২৪৫**—যেহেতু, জনাব মোঃ রাসেল সরকার, সহকারী উপ-পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষার (মাস্টার্স প্রোগ্রাম) অনুমতি ও ০১ (এক) বছর ১০ (দশ) মাসের অধ্যয়ন ছুটির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর আবেদন করলে তার চাকরি স্থায়ী/কমপক্ষে ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষা গ্রহণের নিমিত্ত অধ্যয়ন ছুটি মঞ্জুরের সুযোগ নেই মর্মে খাদ্য মন্ত্রণালয়ের ০৮-০৯-২০২১ খ্রি. এর ১৩.০০.০০০০.০২২.০৮.০০২. ১৯.৪২৭ নং স্মারকে তাকে অবহিত করা হয়। তার উক্ত ছুটির আবেদন গৃহীত না হলেও বর্ণিত ছুটির আবেদনের পর থেকে (২৭-০৭-২০২১ খ্রি. থেকে) অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে তিনি কর্মস্থলে অনুপস্থিত আছেন; এবং

২। যেহেতু, কর্মস্থলে অনুপস্থিত থাকায় খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের ০৬-১০-২০২২ খ্রি. এর ১৩.০১.০০০০.০৯১.৩৩.০৪৪. ২০.১৩৪০ নং স্মারকে কৈফিয়ত তলব করা হলেও তিনি জবাব দাখিল করেননি। তিনি কর্মস্থলে যোগদান না করায় পরবর্তীতে অত্র দপ্তরের ১২-১২-২০২২ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৬৩.২২.৯৭৮ নং স্মারকে এবং ২৫-০১-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭. ০৬৩.২২.৮৫ নং স্মারকে তাকে ব্যাখ্যা তলব করে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলেও অদ্যাবধি তিনি ব্যাখ্যার জবাব দাখিল করেননি এবং কর্মস্থলে যোগদান করেননি; এবং

৩। যেহেতু, তার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ" ও 'পলায়ন' এর অভিযোগে খাদ্য অধিদপ্তরের ২২-০২-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.০০৯.২২.১৭৮ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং তাকে লিখিতভাবে জবাব দাখিলের জন্য নির্দেশ দেয়া হয়। তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল করেননি; এবং

৪। যেহেতু, আনীত বিভাগীয় মামলায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি আছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২) (ঘ) অনুযায়ী তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য খাদ্য অধিদপ্তরের ২৯-০৭-২০২৩ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭. ০৬৩.২২.৫৮৯ নং স্মারকে জনাব মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা, প্রাক্তন উপপরিচালক, সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ রাসেল সরকার, সহকারী উপপরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা গত ১৮-০৩-২০২০ তারিখে সরকারি চাকুরিতে যোগদান করেন। মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষার (মাস্টার্স প্রোগ্রাম) অনুমতি ও ০১ (এক) বছর ১০ (দশ) মাসের অধ্যয়ন ছুটির জন্য তিনি আবেদন করলেও তার চাকরি স্থায়ী/কমপক্ষে ০৫ (পাঁচ) বছর পূর্ণ না হওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রে উচ্চ শিক্ষা গ্রহণের নিমিত্ত অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়নি। জনাব মোঃ রাসেল সরকার, সহকারী উপপরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকাকে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা না হলেও তিনি সরকারি চাকুরি বিধি অগ্রাহ্য করে উচ্চ শিক্ষার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে গমন করেন এবং সেখানে অবস্থান করছেন মর্মে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেন। প্রশাসন বিভাগের ৩০-০৭-২০২৩ তারিখের ৬৩১ নং

স্মারকে জনাব মোঃ রাসেল সরকার, সহকারী উপপরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা এর যুক্তরাষ্ট্রে গমনাগমন সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ বরাবর পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ কর্তৃক ২৪-০৯-২০২৩ তারিখের ৩৩৭৭ নং স্মারকে জানানো হয় যে, মোঃ রাসেল সরকার, তার বাংলাদেশি পাসপোর্ট (পাসপোর্ট নং- EF0665440) ব্যবহার করে গত ১৯-০৭-২০২১ তারিখ ০২.০৭ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা হয়ে অধ্যয়ন ভিসায় (ভিসা নম্বর- R0397754) কাতার এয়ারওয়েজ এর একটি ফ্লাইট (ফ্লাইট নং-QR639) যোগে যুক্তরাষ্ট্র এর উদ্দেশ্যে বহির্গমন করেন। অদ্যাবধি তার বাংলাদেশে আগমনের কোনো তথ্য পাওয়া যায়নি। সার্বিকভাবে, তার **বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (গ) অনুযায়ী 'অসদাচরণ" ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়**; এবং

